

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১: ১০৬

আরবি মূল আয়াত:

إِنَّ فِي هٰذَا لَبَلْغًا لِّقُومٍ عٰبِدِينَ ﴿١٠٤﴾؟

নিশ্চয় এতে ইবাদাতকারী সম্প্রদায়ের জন্য উপদেশ বাণী রয়েছে। — আল-বায়ান নিশ্চয়ই এতে (অর্থাৎ এই কুরআনে) উপদেশবাণী রয়েছে 'ইবাদাতকারী লোকেদের জন্য। — তাইসিরুল এতে রয়েছে বাণী, সেই সম্প্রদায়ের জন্য, যারা ইবাদাত করে। — মুজিবুর রহমান Indeed, in this [Qur'an] is notification for a worshipping people. — Sahih International

১০৬. নিশ্চয় এতে রয়েছে ইবাদতকারী সম্প্রদায়ের জন্য পর্যাপ্ত বিষয়বস্তু।

-

তাফসীরে জাকারিয়া

(১০৬) উপাসনাকারী সম্প্রদায়ের জন্য এতে রয়েছে পয়গাম। [1]

[1] 'এতে' বলতে ঐ উপদেশ ও সতর্কবাণী যা এই সূরায় বিভিন্ন ভঙ্গিমায় বর্ণিত হয়েছে। 'পয়গাম'-এর উদ্দেশ্যঃ যথেষ্টতা ও উপকারিতা। অথবা 'এতে' বলতে কুরআন মাজীদকে বুঝানো হয়েছে, যা মুসলিমদের জন্য উপকারী ও যথেষ্ট। উপাসনাকারী বা আবেদ বলতে বিনয় নম্রতার সাথে আল্লার ইবাদতকারী এবং শয়তান ও খেয়াল-খুশীর উপর আল্লাহর আনুগত্যকে প্রাধান্যদানকারী। আর ইবাদত ও আনুগত্যের মস্তক হল, নামায।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2589

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন